



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ২৭৬৭০

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/বরগুনা-১৩০/ ২৪৬০

তারিখঃ ২৬/০৩/২০১৭খ্রিঃ


বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

- সূত্রঃ ১) স্মারক নং- ০৫.১০.০৪১৯.০০৫.০৩.০১০.১২-১১৮; তারিখঃ ২৬/০২/২০১৭খ্রিঃ  
২) নং-বামাশিবো/প্রশা/বরগুনা-১৩০/২৩০৫; তারিখঃ ১৯/০১/২০১৭  
৩) শিক্ষা মন্ত্রণালয়ের নং-৩৭.০০.০০০০.০৮৫.৬৭.০২৭.১৫/১২৫; তারিখঃ ১০ ফেব্রুয়ারি ২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বরগুনা জেলার বামনা উপজেলাধীন বুকাবুনিয়া মাহমুদিয়া দাখিল মাদরাসার সুপারের বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির বিষয়ে দৈনিক শেষ কথা, বরগুনা এর সাংবাদিক জনাব মোঃ এনায়েত উদ্দিন সিকদার শিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয় বরাবর একখানা অভিযোগ দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিলের জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে নির্দেশনা প্রদান করা হয়।

অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরনের জন্য অত্র বোর্ড হতে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, বামনা, বরগুনাকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, বামনা, বরগুনা সূত্রস্থ ১নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, সুপার কর্তৃক বিভিন্ন অযুহাতে প্রায়শই মাদরাসায় অনুপস্থিত থাকা, স্বল্প সংখ্যক ছাত্র-ছাত্রী অধ্যয়ন করা, পর্যাপ্ত পরিমাণ শিক্ষক না থাকা, শিক্ষকদের পাঠদানে অবহেলা করার বিষয়টি প্রতীয়মান হয়েছে।

বর্ণিত অবস্থায় তদন্ত প্রতিবেদনে প্রমানিত অভিযোগের প্রেক্ষিতে তার বিরুদ্ধে কেন বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না আগামী ১০ (দশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

  
২২/৩/১৭  
প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

✓ প্রাপকঃ সুপার, বুকাবুনিয়া মাহমুদিয়া দাখিল মাদরাসা, বামনা, বরগুনা।

নং- বামাশিবো/প্রশা/বরগুনা-১৩০/

তারিখঃ /০৩/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১. উপজেলা নির্বাহী অফিসার, বামনা, বরগুনা।
২. জনাব নাছিম-খানম, সিনিয়র সহকারী সচিব (মাদরাসা-২), কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা শিক্ষা অফিসার, বরগুনা।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বামনা, বরগুনা।
৫. সভাপতি- ম্যানেজিং কমিটি, বুকাবুনিয়া মাহমুদিয়া দাখিল মাদরাসা, বামনা, বরগুনা।
৬. জনাব মোঃ এনায়েত উদ্দিন সিকদার, সাংবাদিক, দৈনিক শেষ কথা, বরগুনা।
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪